গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সমবায় অধিদপ্তর
বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা
www.coop.khulnadiv.gov.bd

**নম্বর:** ৪৭.৬১.০০০০.০০০.২৬১.৩৩.০০০৯.১২.৬১৫

তারিখ: ২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১৭ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**অফিস আদেশ**

যেহেতু, খুলনা মেট্রোপলিটন থানাধীন আরডিপি সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ, নিবন্ধন নম্বর: ০২/খুল, তারিখ: ০৩/০১/২০১২, নিবন্ধিত ঠিকানা: ৮৫, খানজাহান আলী রোড, খুলনা এর কার্যক্রম বিগত এক বছরের অধিককাল যাবৎ বন্ধ রয়েছে;

যেহেতু, উক্ত কারণে জেলা সমবায় অফিসার, খুলনা কর্তৃক বিগত ১০ জুলাই ২০২৫ তারিখের ৪৭.৬১.৪৭০০.০০০.০০০.৩৩.০০০৫.২২.৯৯৮ নম্বর স্মারকপত্রে বর্ণিত সমিতির নিবন্ধন বাতিলের সুপারিশ করা হয়েছে এবং এ কার্যালয়ের বিগত ২১ আগস্ট ২০২৫ তারিখের ৪৭.৬১.৪৭০০.০০০.২৬১.৩৩.০০০৯.১২.৪৪৬ নম্বর স্মারকে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন- ২০০২ ও ২০১৩) এর ধারা ৫৩(ঙ) মোতাবেক কেন সমিতিটির নিবন্ধন সরাসরি বাতিল করা হবে না মর্মে ১০ সেপ্টেম্বর ২০২৫ তারিখের মধ্যে জবাব দাখিলের জন্য সমিতির সভাপতি বরাবর সমিতির নিবন্ধিত ঠিকানায় কারণ দর্শানো নোটিশ জারী করা হয়;

যেহেতু, নির্ধরিত সময়ের মধ্যে উক্ত নোটিশের কোন জবাব প্রেরণ করা হয়নি;

সেহেতু, সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন-২০০২ ও ২০১৩) এর ধারা ৫৩(ঙ) এর অর্পিত ক্ষমতা বলে উল্লিখিত সমিতির নিবন্ধন আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

১৭-১১-২০২৫
মোঃ নূরুন্নবী
বিভাগীয় যুগ্ম নিবন্ধক
০২৪৭৭৭০১৯৮১
✉ jr.khulna@coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.২৬১.৩৩.০০০৯.১২.৬১৫/১ (৫)

তারিখ: ২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১৭ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সভাপতি (মেয়াদ উত্তীর্ণ ব্যবঃ কমিটি), আরডিপি সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ, ৮৫, খানজাহান আলী রোড, খুলনা।
২। পরিদর্শক, অডিট, আইন ও সমিতি শাখা, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা (তাঁকে বর্ণিত আদেশটি ওয়েবপোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
৩। মেট্রোপলিটন থানা সমবায় অফিসার, খুলনা।
৪। জেলা সমবায় অফিসার, খুলনা।
৫। জেলা সমবায় কর্মকর্তা সকল (খুলনা বিভাগ)।

১৮-১১-২০২৫
মোহাম্মদ হাসিবুর রহমান মোল্লাহ্
উপনিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা)